

এ রঙ্গ দেখিয়া প্রেমে উন্মত্ত সকল।  
 সবাঁকার মুখে মাত্র সুধা হরিবল।।  
 ক্ষণ পরে সবে করে ঠাকুরকে স্কন্ধে।  
 বাহুহারা কে করে কি করে প্রেমানন্দে।।  
 ব্রাহ্মণ, কায়স্থ, কুন্ডু, পাল ঝালো, মালো।  
 নমঃশূদ্র, সাহা, সাধু একত্র হইল।।  
 মাতিয়া কীর্তনানন্দে প্রায় নিশি শেষ।  
 পাগল চাঁদের হ'ল অদ্বৈত আবেশ।।  
 কহিতেছেন 'তোরা আলি সে আমার কই!  
 যারে নেড়ে এনে আমি নাড়া নাম লই।।  
 যার জন্য করিলাম সাধ্য এত দূর।  
 অসাধ্য সাধন করি বসে শান্তিপুর।।  
 যার জন্যে ফুল তুলসী খাইল উজান।  
 কই রে আমার সেই পরাণের পরাণ।।'  
 অক্ষয় ঠাকুর কহে 'শোন ওরে নাড়া।  
 ওড়াকান্দী আসিয়াছে তোর সেই গোরা।  
 দেহ ছেড়ে করেছেন গোলোক গমন।  
 জ্যেষ্ঠ পুত্র গুরুচাঁদ জগত জীবন।।  
 তোর হরিচাঁদ গুরুচাঁদে মিশিয়াছে।  
 মানুষে মানুষ মেশা বর্তমানে আছে।।  
 বলিতে বলিতে কয় 'মুই শ্রীচৈতন্য'  
 অধরোষ্ঠ চক্ষুদ্বয় হ'ল রক্তবর্ণ।।  
 লোমকুপে ক্ষুদ্র ক্ষুদ্র কুন্ডু উথলিল।  
 কন্টক আকার কেশ লোম উর্ধ্ব হ'ল।।  
 দুজন্য মোহপ্রাপ্তি জ্ঞান নাহি আর।  
 মতুয়া সকলে হরি বলে অনিবার।।  
 দশা-ভঙ্গ হ'ল প্রায় নিশী অবসানে।  
 করিল কীর্তন ক্লাস্ত সবে সুস্থ মনে।।  
 ভোজন হইল সব ভোরের সময়।  
 আচমন সময়েতে অরণ্য উদয়।।  
 আরবার মাতিলেন নাম-সঙ্কীর্ণনে।  
 গাইতে গাইতে সবে চলিলেন স্নানে।।

মধুমতী ভরট গোগের ঘাটে গিয়া।  
 জলকেলি করে সবে আনন্দে মাতিয়া।।  
 হরি হরি হরি বলে করে জলকেলি।  
 প্রেমাবেশে করে সবে জল ফেলাফেলি।।  
 জলকেলি করি শেষে ভিজে বসনেতে।  
 আসিলেন তারাচাঁদ পালের বাটীতে।।  
 দধি খই চিড়া চিনি জল ফলাহার।  
 ফুল মহোৎসব সবে করে বার বার।।  
 শালনগরের মহোৎসবে এই লীলা।  
 গোলোক পুলক হেতু রায় বিরচিলা।।



## সাহাবাজপুরে রাখাল সঙ্গে পাগলের খেলা

সাহাবাজপুর থামে হ'ল নিমন্ত্রণ।  
 দলবল সহ করে পাগল গমন।।  
 তপস্বী পালের বাড়ী হ'বে মহোৎসব।  
 পুলকে চলিল মতুয়ার গণ সব।।  
 মধ্যাহ্ন সময় যাত্রা করিল সকলে।  
 হরি হরি বলি সবে প্রেমানন্দে চলে।।  
 সাত ভাগ হয়ে চলে মতুয়ারা সব।  
 'জটক' বিল মধ্যে উঠে কলরব।।  
 বিলের কিনারা দিয়া মতুয়ারা যায়।  
 জটকের বিলে খালে ডাঙায় নৌকায়।।  
 সেখানে যে লোক সবে হরিগুণ গায়।  
 কেহ বলে বাবা হরিচাঁদ জয় জয়।।  
 কেহ বলে জয় জয় গুরুচাঁদ জয়।  
 কেহ বলে গোলোকচাঁদের জয় জয়।  
 কেহ বলে জয় জয় মহানন্দ জয়।।  
 কেহ বলে ওড়াকান্দীর ভক্তগণ জয়।।  
 কেহ কেহ বলে জয় জয় হরিপাল।  
 কেহ বলে জয় জয় পালের ময়াল।।